**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 13-08-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, উন্নয়নের সুফল সমাজের শেষ প্রান্তের জনগণের কাছে পৌঁছে দেওয়া-ই সরকারের মূল লক্ষ্য।**

**(২) 'হর ঘর তিরঙ্গা' অভিযানের অঙ্গ হিসাবে রাজ্যের নানা স্থানে 'তিরঙ্গা রেলী' অনুষ্ঠিত।**

**(৩) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু নতুন দিল্লিতে সংগীত নাটক একাডেমী ফেলোশিপ ও পুরস্কার প্রদান করেছেন।**

**(৪) সংসদের বাদল অধিবেশন আজ শেষ হয়েছে।**

**(৫) কমনওয়েলথে জুডোতে সোনাজয়ী অস্মিতা দে-কে বিলোনিয়া ক্রিকেট এসোসিয়েশনের পক্ষ থেকে সংবর্ধনা জ্ঞাপন করা হয়।**

*************************

**CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, উন্নয়নের সুফল সমাজের শেষ প্রান্তের জনগণের কাছে পৌঁছে দেওয়া-ই সরকারের মূল লক্ষ্য। আজ ডলুগাঁও উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের মাঠে আয়োজিত এক অনুষ্ঠানে ৬টি প্রকল্পের উদ্বোধন এবং ১২টি প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করে তিনি একথা বলেন। উল্লেখযোগ্য উদ্বোধনের মধ্যে রয়েছে, ডলুগাঁও স্কুলমাঠের সংস্কার, গ্যালারি ও ফেনসিং, বিভিন্ন এলাকায় গড়ে ওঠা ওপেন কমিউনিটি হল, উপ-স্বাস্থ্যকেন্দ্রের নবনির্মিত ভবনের উদ্বোধন। যেসব প্রকল্পের আজ শিলান্যাস হয়েছে, তারমধ্যে রয়েছে, অনাথ শিশুকন্যাদের হোম স্থাপন,

পঞ্চায়েত ভবন, ব্যাডমিন্টন কোর্ট ইত্যাদি। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, শিক্ষা, স্বাস্থ্য, সড়ক যোগাযোগ, পানীয় জল, বিদ্যুৎ, কৃষি, গ্রামোন্নয়ন, নগর উন্নয়ন, তথ্য প্রযুক্তি, ক্রীড়া এবং সামাজিক সুরক্ষার মতো প্রতিটি ক্ষেত্রকে গুরুত্ব দিয়ে রাজ্য সরকার কাজ করছে। ২০২২ সালের ৬ই ডিসেম্বর থেকে এ পর্যন্ত ঊনকোটি জেলায় মোট ৫৬টি প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করা হয়েছে। এর জন্য প্রায় ১৯৭ কোটি ৬৮ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। মুখ্যমন্ত্রী 'ক্লিন অ্যান্ড গ্রিন উনকোটি' উদ্যোগের প্রশংসা করে বলেন, ঊনকোটির ঐতিহাসিক, প্রত্নতাত্ত্বিক ও ধর্মীয় ঐতিহ্যকে সামনে রেখে পর্যটন পরিকাঠামোর উন্নয়ন করা হচ্ছে।

মুখ্যমন্ত্রী আরো বলেন, কৈলাসহর বিমানবন্দরের রানওয়ের দৈর্ঘ্য বৃদ্ধির বিষয়টি নিয়ে কেন্দ্রীয় সরকারের সঙ্গে আলোচনা চলছে এবং প্রয়োজন হলে জমি অধিগ্রহণে রাজ্য সরকার সহযোগিতা করবে। অনুষ্ঠানে বক্তব্য রাখেন যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রী টিংকু রায়, ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ ও জেলার জেলাশাসক মেঘা জৈন প্রমুখ।

*****************************

**Har Ghar Tiranga-State :**

‘হর ঘর তিরঙ্গা’ অভিযানের অঙ্গ হিসাবে আজ রাজ্যের নানা স্থানে ‘তিরঙ্গা রেলীর’ আয়োজন করা হয়। জিরানিয়ার মজলিশপুরে ‘তিরঙ্গা রেলি’-তে উপস্থিত ছিলেন পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী।

বিধায়ক সুশান্ত দেবের উদ্যোগে বিশালগড়ে ‘অন্নদাতার হাতে তিরঙ্গা’ পতাকা তুলে দেওয়া হয়। উপস্থিত ছিলেন বিশালগড় পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন অতসী দাস।

বনমন্ত্রী অনিমেষ দেববর্মা খোয়াই জেলা প্রশাসন আয়োজিত "হর ঘর তিরঙ্গা" অভিযানের সূচনা করেন। এ উপলক্ষ্যে খোয়াই সরকারি দ্বাদশ শ্রেণী বিদ্যালয় থেকে একটি সুসজ্জিত ‘তিরঙ্গা রেলী’ শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে। উপস্থিত ছিলেন বিধায়ক পিনাকী দাস চৌধুরী, খোয়াই

জেলার জেলাশাসক রজত পান্থ, অতিরিক্ত জেলাশাসক অভেদানন্দ বৈদ্য, জেলা পুলিশ সুপার জগদীশ্বর রেড্ডি প্রমুখ।

দক্ষিণ জেলা প্রশাসনের উদ্যোগে বিলোনিয়ার কলেজ স্কোয়ার থেকে বিকেআই মাঠ পর্যন্ত দক্ষিণ জেলাভিত্তিক 'তিরঙ্গা রেলী' অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন সমবায় মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া, দক্ষিণ জেলার জিলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত, বিধায়ক স্বপ্না মজুমদার, জেলাশাসক মহম্মদ সাজাদ পি প্রমুখ।

সিআরপিএফের ১২৪ নম্বর ব্যাটেলিয়ান এবং আগরতলা পুর নিগমের ১৮ নম্বর ওয়ার্ডের যৌথ উদ্যোগে আজ আগরতলায় 'তিরঙ্গা রেলীর' আয়োজন করা হয়। প্রগতি স্কুল মাঠ থেকে এই রেলীটি শুরু হয়ে আগরতলা শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে।

আজ মোহনপুরেও 'তিরঙ্গা রেলী' অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন কৃষিমন্ত্রী রতন লাল নাথ। তিরঙ্গা রেলীটি মোহনপুর পুর পরিষদ প্রাঙ্গণ থেকে শুরু হয়ে বিভিন্ন পথ পরিক্রমার পর মোহনপুর বাজারে শেষ হয়।

বিজেপি বনমালীপুর মন্ডলের উদ্যোগে আজ 'তিরঙ্গা রেলীর' আয়োজন করা হয়। উপস্থিত ছিলেন সাংসদ বিপ্লব কুমার দেব ও সাংসদ রাজীব ভট্টাচার্য।

****************************

**BJP-Kailashahar :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ কৈলাশহরের শ্রীরামপুরে BJP'র চন্ডীপুর মন্ডল কার্যালয় "অটল ভবন" এর দ্বারোদঘাটন করেন। উপস্থিত ছিলেন শ্রমমন্ত্রী টিংকু রায়, ওয়াকফ বোর্ডের চেয়ারম্যান মবস্বর আলি, চন্ডীপুর পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন শম্পা দাস পাল ও মন্ডল সভাপতি পিন্টু ঘোষ প্রমুখ।

****************************

**Press Meet-IG :**

স্বাধীনতা দিবস উপলক্ষে গোটা রাজ্যে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হয়েছে বলে আজ আগরতলায় সাংবাদিক সম্মেলনে জানিয়েছেন রাজ্য পুলিশের আইজি মনচাক ইপ্পার। তিনি জানান, সীমান্ত এলাকায় নিরাপত্তা বাহিনীর টহল বাড়ানো হয়েছে। বটতলা, মোটরস্ট্যান্ড, নাগেরজলা ও রাধানগর সহ আগরতলা শহরের ব্যস্ততম এলাকাগুলিতে পুলিশের নজরদারি বাড়ানো হয়েছে। সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন পশ্চিম জেলার পুলিশ সুপার নমিত পাঠক এবং পশ্চিম আগরতলা থানার ওসি সঞ্জিত সেন।

*************************

**Ekalavya School-Killa :**

রাজ্য বিধানসভার অধ্যক্ষ রামপদ জামাতিয়া আজ গোমতী জেলার পিত্রা কামিতে কিল্লা একলব্য মডেল রেসিডেন্সিয়াল স্কুলের নবনির্মিত ভবনের দ্বারোদ্ঘাটন করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জনজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেববর্মা। ১৪ দশমিক নয় তিন জমিতে এই স্কুলটির নতুন ভবন নির্মাণে ব্যয় হয়েছে ৪৮ কোটি ৮৫ লক্ষ টাকা।

***************************

**Blood Donation :**

স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষে আজ আড়ালিয়া একতা সংঘের উদ্যোগে রক্তদান শিবিরের আয়োজন করা হয়। শিবিরে উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার, ডেপুটি মেয়র মনিকা দাস দত্ত। শিবিরে ৩১ জন স্বেচ্ছায় রক্তদান করেন।

***************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপে। ফলো করুন - সোশ্যাল মিডিয়ায় ফেসবুক ও এক্স হ্যান্ডেল অল ইন্ডিয়া রেডিও নিউজ এবং ইনস্টাগ্রাম পেজ এ-আই-আর-নিউজ-এলার্টস। দেখুন অফিসিয়াল ইউটিউব চ্যানেল নিউজ-অন-এআইআর।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউটিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

**************************

**President-Sangeet Natak Akademi Awards :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ নতুন দিল্লিতে ২০২৪ ও ২০২৫ সালের সংগীত নাটক আকাদেমি ফেলোশিপ ও পুরস্কার প্রদান করেছেন। সঙ্গীত, নৃত্য, নাটক, লোক ও আদিবাসী শিল্প-সহ বিভিন্ন শিল্পকলায় অসামান্য অবদানের স্বীকৃতি হিসেবে ১১৫ জন শিল্পীকে সম্মানিত করা হয়েছে। অনুষ্ঠানে রাষ্ট্রপতি বলেন, এদেশে সংগীতে রয়েছে বহুবিধ পদ্ধতি, নৃত্যে রয়েছে নানা শৈলী এবং লোকনাট্য বিদ্যমান অসংখ্য রূপে। তবুও, এসবের মূলে রয়েছে এমন এক সাংস্কৃতিক ভাষা, যাকে ‘ভারতীয়’ বলে অভিহিত করা হয়। বৈচিত্র্য ও ঐক্যের এই পারস্পরিক সম্পর্কই ভারতের শিল্পকলাগুলোর অন্যতম প্রধান শক্তি। রাষ্ট্রপতি আরও বলেন, "দ্রুত পরিবর্তনশীল বর্তমান সময়ে দেশের অনেক লোকশিল্পই বিলুপ্তির হুমকির মুখে পড়েছে। এ ধরনের শিল্পকলাকে বাঁচিয়ে রাখার জন্য সম্মিলিত প্রচেষ্টার প্রয়োজন।"

########Byte-President######

********************************

**Monsoon Session :**

সংসদের বাদল অধিবেশন আজ শেষ হয়েছে। বন্দেমাতরম গাওয়ার পর লোকসভা ও রাজ্যসভার অধিবেশন অনির্দিষ্টকালের জন্য মুলতবি ঘোষণা

করা হয়। সংসদে উপস্থিত ছিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং, লোকসভার বিরোধী দলনেতা রাহুল গান্ধী প্রমুখ। সংসদের বাদল অধিবেশন শুরু হয়েছিল ২০শে জুলাই।

*************************

**SIR-Khowai :**

ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনী বা SIR নিয়ে আজ খোয়াই জেলার জেলাশাসক রজত পান্থ বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধিদের সঙ্গে বৈঠক করেন। বৈঠক শেষে সাংবাদিক সম্মেলনে জেলাশাসক জানান, আগামী ১৫ই সেপ্টেম্বর থেকে ১৪ই অক্টোবর পর্যন্ত বুথ লেভেল অফিসারগণ বাড়ি বাড়ি যাবেন এবং ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনীর লক্ষ্যে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করবেন।

**************************

**Asmita Dey-Reception :**

কমনওয়েলথে জুডোতে সোনাজয়ী অস্মিতা দে-কে আজ বিলোনিয়া ক্রিকেট এসোসিয়েশনের পক্ষ থেকে সংবর্ধনা জ্ঞাপন করা হয়। এ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক স্বপ্না মজুমদার, জেলা শাসক মহম্মদ সাজ্জাদ পি প্রমুখ। সংবর্ধনা অনুষ্ঠান শেষে অস্মিতা দে বিলোনিয়ার বিদ্যাপীঠ জুডো প্রশিক্ষণ কেন্দ্রে যান ও জুডো প্রশিক্ষণার্থীদের উৎসাহ দেন।

****************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় দক্ষিণ ও সিপাহীজলা জেলায় বজ্রবিদ্যুৎ সহ ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল আগরতলায় দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ

তাপমাত্রা ছিল ৩১.২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫.৬ ডিগ্রি সেলসিয়াস।

*****************************